দৈনিক ইনকিলাব

তারিখ ... JUL 12 1999
পৃষ্ঠা ৩ কলাম ৩

# পেশাগত শিক্ষা ছাড়া দক্ষ পেশাজীবী গ্রন্থাগারিক গড়ে উঠতে পারে না

## –ইলিস চেয়ারম্যান

রাজশাহী অফিস ঃ পেশাগত শিক্ষা ব্যতীত দক্ষ পেশাজীবী গ্রন্থাগারিক গড়ে উঠতে পারে না। দেশের বিভিন্ন বিশ্ববিদ্যালয় ও ইনস্টিটিউট থেকে প্রতিবছর গ্রন্থাগারিক ও তথ্যবিজ্ঞান বিভাগে যে কয়জন ছাত্র-ছাত্রী পাস করে বেরিয়ে আসছে চাহিদার তুলনায় তাদের সংখ্যা নিতান্তই নগণ্য। '৫২ থেকে '৯৮ সাল পর্যন্ত সুদীর্ঘ ৪৬ বছরে মাত্র ৩ হাজার ৬শ' ৬৪ জন এই পেশাগত শিক্ষায় ডিগ্রী অর্জন করেছেন।

গত শনিবার দুপুরে ইনস্টিটিউট ফর লাইব্রেরী এন্ড ইনফরমেশন স্টাডিজ (ইলিস)-এর লক্ষ্য, উদ্দেশ্য ও কার্যক্রম নিয়ে সাংবাদিকদের সাথে মতবিনিময়কালে ইলিসের চেয়ারম্যান আবদুস সালাম এ তথ্যগুলো তুলে ধরেন।